রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ৪, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ ভাদ্র ১৪২৫/২০ আগস্ট ২০১৮

**নং ০৩.০০.২৬৯০.০৮২.৪৮.০০৪.১৮-৩৮৩**—ঢাকা মহানগরীসহ দেশের ট্রাফিক ব্যবস্থার সার্বিক উন্নয়ন ও নিরাপদ সড়ক নিশ্চিতকরণে সকল কার্যক্রমের বাস্তবায়ন পরিবীক্ষণের লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

**কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সভাপতি |
| ২. | নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ | সদস্য |
| ৩. | অতিরিক্ত প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ৪. | অতিরিক্ত সচিব ( জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৭. | অতিরিক্ত সচিব, সড়ক ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| ৮. | অতিরিক্ত সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | অতিরিক্ত সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| ১০. | অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |



**মূল্য :** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১২. | চেয়ারম্যান, বিআরটিএ | সদস্য |
| ১৩. | চেয়ারম্যান, বিআরটিসি | সদস্য |
| ১৪. | চেয়ারম্যান, রাজউক | সদস্য |
| ১৫. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| ১৬. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ১৭. | অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ঢাকা মেট্রোপলিটন পুলিশ | সদস্য |
| ১৮ | মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য-সচিব |

ক) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে

খ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**কমিটির কার্যপরিধি :**

- নিরাপদ সড়ক ও মহাসড়কসমূহের শৃঙ্খলা নিশ্চিতকরণে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনা বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও তত্ত্বাবধান;
- ট্রাফিক ব্যবস্থাপনার উন্নয়ন এবং নিরাপদ সড়ক সংক্রান্ত বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত আশু-করণীয় নির্ধারণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ;
- বিভিন্ন সংস্থা কর্তৃক গৃহীত স্বল্প ও মধ্যমেয়াদি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ;
- বিভিন্ন সিটি কর্পোরেশন, শহর ও জেলা পর্যায়ে স্থানীয় ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন কাজের বাস্তবায়ন কার্যক্রম তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;
- নিরাপদ সড়ক নিশ্চিতকরণে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের (স্কাউটস, গার্লস গাইড, রেড ক্রিসেন্ট ইত্যাদি) কার্যক্রম সমন্বয়;
- নিরাপদ সড়ক ও ট্রাফিক ব্যবস্থাপনা বিষয়ে করণীয় অন্যান্য ইস্যু নির্ধারণ ও বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ;
- কমিটি কর্তৃক বিবেচ্য অন্যান্য যে কোন বিষয়।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি**
পরিচালক (প্রশাসন)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd